

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়ম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ উপকারী কায়েদা: সর্বাধিক উপকারী চিন্তা-ভাবনা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

উপকারী কায়েদা: সর্বাধিক উপকারী চিন্তা-ভাবনা

সব কল্যাণ ও অকল্যাণ মূলত চিন্তা-ভাবনা থেকেই উৎসারিত। কেননা মানুষের চিন্তা-ভাবনা কোনো কিছু ত্যাগ করা, বিরত থাকা, ভালোবাসা ও অপছন্দ করার ইচ্ছা ও প্রত্যাশার মূল। সবচেয়ে উপকারী চিন্তা-ভাবনা হলো, পরকালীন কল্যাণ ও তার কীভাবে অর্জন করা যায় এবং পরকালীন অকল্যাণ প্রতিহত করা ও কীভাবে তা থেকে বেঁচে থাকা যায় সেসব কিছুর চিন্তা-ভাবনা।

এর পরবর্তী স্তরে রয়েছে চার ধরণের চিন্তা-ভাবনা। সেগুলো হলো, দুনিয়ার কল্যাণ ও তা লাভের চিন্তা-ভাবনা এবং দুনিয়ার অকল্যাণ ও তা থেকে বেঁচে থাকার চিন্তা-ভাবনা। এ আট ধরণের চিন্তা-ভাবনায়ই জ্ঞানীদের চিন্তা-ভাবনা ঘূরপাক খায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9776

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন